

“বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনসিটিউট (বারটান) এর  
অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ (২য় সংশোধিত)” শীর্ষক  
প্রকল্পের প্রভাব মূল্যায়ন (Impact Evaluation) কার্যক্রম সম্পাদনের লক্ষ্য  
পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি



পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 পরিকল্পনা মন্ত্রণালয়  
 বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)  
 পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর: ৪  
 শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.imed.gov.bd](http://www.imed.gov.bd)

**বিষয়:** প্রকল্পের প্রভাব মূল্যায়ন পরিবীক্ষণ (Impact Evaluation) কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি।

#### ক. প্রকল্পের মৌলিক তথ্য:

০১.	প্রকল্পের নাম	:	“বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনসিটিউট (বারটান) এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ (২য় সংশোধিত)” প্রকল্প।
০২.	উদ্যোগী মন্ত্রণালয়	:	কৃষি মন্ত্রণালয়।
০৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনসিটিউট (বারটান)।

০৪. প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	নারায়ণগঞ্জ	আড়াইহাজার
বরিশাল	বরিশাল	বরিশাল সদর
খুলনা	ঝিনাইদহ	ঝিনাইদহ
সিলেট	সুনামগঞ্জ	সুনামগঞ্জ সদর
রাজশাহী	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ সদর
চট্টগ্রাম	নোয়াখালী	সুবর্ণচর
রংপুর	রংপুর	গীরগঞ্জ
ময়মনসিংহ	নেত্রকোণা	নেত্রকোণা সদর
০৮ টি বিভাগ	০৮ টি জেলা	০৮ টি উপজেলা

০৫. প্রাকলিত ব্যয়

(লক্ষ টাকায়)

মূল	:	১৬২০০.০০
১ম সংশোধিত	:	১৭৮২০.০০
২য় সংশোধিত	:	৩৩২১২.০০
বিশেষ সংশোধন	:	৩৫৪১২.৮৮

০৬. বাস্তবায়নকাল : জুলাই, ২০১৩ থেকে জুন, ২০২১ পর্যন্ত।

০৭. প্রকল্পের প্রধান কার্যক্রম:

- ক) ভূমি অধিগ্রহণ-৬০.৫০ একর;
- খ) ভূমি উন্নয়ন-৬৬.৮৮ একর;
- গ) ভবন নির্মাণ-৪০৮৫৫৮ বর্গফুট;
- ঘ) বাউন্ডারি ওয়াল নির্মাণ-৭৭৯২ রানিং মিটার;
- ঙ) সুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ-১টি;
- চ) গার্বেজ ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণ-১টি;
- ছ) অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ;
- জ) ল্যাবরেটরি যন্ত্রপাতি ক্রয়-৩৪০ ইউনিট।

✓

০৮. প্রকল্পের উদ্দেশ্য :

- ক) বারটান এর প্রধান কার্যালয়, আঞ্চলিক কেন্দ্র, গবেষণাগার, প্রশিক্ষণ কেন্দ্র, আবাসিক সুবিধাদির ভৌত অবকাঠামো নির্মাণ;
- খ) পুষ্টিহীনতা হাসকরণের লক্ষ্যে খাদ্যভিত্তিক পুষ্টি, নিরাপদ খাদ্য এবং পুষ্টি নিরাপত্তা, Post harvest technology, খাদ্য প্রক্রিয়াজাত এবং সংরক্ষণ ইত্যাদি বিষয়ে দেশের জনগণের সচেতনতা সৃষ্টি, প্রেরণা যোগান ও উদ্বৃক্তরণের জন্য বারটান এর প্রশিক্ষণ কর্মসূচি জোরদারকরণ;
- গ) খাদ্যভিত্তিক পুষ্টির ওপর কার্যকর গবেষণা এবং প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে দক্ষ মানব সম্পদ সৃষ্টি করা;
- ঘ) দেশের সমস্যাসংকুল এলাকার জন্য খাদ্য গ্রহণ অভ্যাস/ধরণ বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- ঙ) দেশের মানব সম্পদের উন্নয়ন;
- চ) দেশের অগুষ্ঠি দূরিকরণের লক্ষ্যে খাদ্যভিত্তিক পুষ্টি গবেষণা; এবং
- ছ) প্রয়োজনীয় জনবল নিয়োগ এবং তাঁদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ে ফলপ্রসূ গবেষণার ফলাফল দেশব্যাপি বিস্তার ঘটানো।

খ. পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি:

০৯। পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্ব:

- ক) প্রকল্প সম্পর্কিত তথ্য যেমন প্রকল্পের অনুমোদন পর্যায়, পটভূমি, উদ্দেশ্য, বাস্তবায়নকাল, প্রাঙ্গলিত ব্যয়, অর্থায়নের উৎস, সংশোধনের অবস্থা ইত্যাদি তথ্য পর্যালোচনা করতে হবে;
- খ) প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি বিশ্লেষণ, অর্থবছর ভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছর ভিত্তিক ডিপিপি'র সংস্থান, এডিপি বরাদ্দ, অর্থচাড় ও ব্যয়ের তথ্য সারণি ও লেখ চিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা করতে হবে;
- গ) ডিপিপি ও লগফ্রেমের আলোকে Output, Outcome ও Impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ করতে হবে;
- ঘ) প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী প্রকল্প এলাকায় আর্থ-সামাজিক কী পরিবর্তন হয়েছে সেটি বেজলাইন সার্ভের আলোকে তুলনামূলক বিশ্লেষণ করতে হবে;
- ঙ) ক্রয় কাজে বিদ্যমান আইন ও বিধি (পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮) অনুসরণ করা হয়েছে কিনা তা পরীক্ষা করতে হবে এবং ডেলিগেশন অব ফাইন্যান্সিয়াল পাওয়ার অনুযায়ী যথাযথভাবে ক্রয় কার্যক্রমের অনুমোদন গ্রহণ করা হয়েছে কিনা তা পর্যালোচনা করতে হবে;
- চ) প্রকল্পের আওতায় সংগৃহিত পণ্য, সম্পাদিত কার্য ও গৃহিত সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে বর্ণিত specification/bill of quantity অনুযায়ী প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা বাচাইয়ের মাধ্যমে গ্রহণ করা হয়েছে কিনা সেটি পর্যালোচনা ও পর্যবেক্ষণ করতে হবে;
- ছ) প্রকল্পের BCR ও IRR অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ করতে হবে;
- জ) প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্টি সুবিধাদি, সৃষ্টি সুবিধাদি টেকসই বিষয়ক ও সৃষ্টি সুবিধাদি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ইত্যাদির SWOT Analysis;
- ঝ) প্রকল্পের আওতায় সৃষ্টি সুবিধাদি পণ্য, অবকাঠামো ও সেবা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে প্রয়োজনীয় জনবলসহ লজিস্টিক সাপোর্ট রয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ করতে হবে;
- ঝঃ) সংগৃহিত তথ্য/ বিষয় ভিত্তিক বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা ও প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;
- ঢ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অন্যান্য দায়িত্ব পালন করতে হবে।

-২-

১০. প্রভাব মূল্যায়নের জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা:

ক্রমিক	পেশা দারিদ্রের ধরন	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান	-	প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ৩ (তিনি) বছরের অভিজ্ঞতা।
২.	পরামর্শক প্রতিষ্ঠানের সদস্য		
	ক) টিম লিডার	স্থীরূপ বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিপ্রি। উচ্চতর ডিপ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	<ul style="list-style-type: none"> <li>পেশাগত কাজে ১৫ বছরের অভিজ্ঞতাসহ সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>ন্যূনতম ০৩ (তিনি) টি প্রকল্প পরিবীক্ষণ/মূল্যায়ন কাজের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণে ক্রয় সংক্রান্ত কার্যক্রম মূল্যায়নের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং</li> <li>প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় বিশেষ দক্ষতা।</li> </ul>
	খ) মিড লেভেল ইঞ্জিনিয়ার (সিভিল)	স্থীরূপ বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিপ্রি।	<ul style="list-style-type: none"> <li>পেশাগত কাজে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>ন্যূনতম ০২ টি প্রকল্প পরিবীক্ষণ/মূল্যায়ন কাজের বাস্তব অভিজ্ঞতা।</li> </ul>
	গ) ফলিত পুষ্টি বিশেষজ্ঞ	স্থীরূপ বিশ্ববিদ্যালয় হতে ফলিত পুষ্টি/ফুড টেকনোলজি অথবা অনুরূপ বিষয়ে স্নাতকোত্তর ডিপ্রি।	<ul style="list-style-type: none"> <li>পেশাগত কাজে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>ন্যূনতম ০২ টি প্রকল্প পরিবীক্ষণ/মূল্যায়ন কাজের বাস্তব অভিজ্ঞতা।</li> </ul>
	ঘ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	স্থীরূপ বিশ্ববিদ্যালয় থেকে ফলিত পুষ্টি/ফুড টেকনোলজি/পরিসংখ্যান/সিভিল ইঞ্জিনিয়ারিং/সমাজবিজ্ঞান/অর্থনীতি/ডেভলপমেন্ট স্টাডিজ/সমাজকল্যাণ/সমাজকর্ম/প্রকল্প ব্যবস্থাপনা বা অনুরূপ বিষয়ে স্নাতকোত্তর ডিপ্রি।	<ul style="list-style-type: none"> <li>পেশাগত কাজে ০৮ (আট) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>আর্থ-সামাজিক গবেষণা ও প্রকল্পের নিরিড পরিবীক্ষণ/ প্রভাব মূল্যায়ন সংশ্লিষ্ট ন্যূনতম ০৩টি কাজের বাস্তব অভিজ্ঞতা।</li> <li>বিভিন্ন statistical tools ও সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে ডেটা ম্যানেজমেন্ট ও পরিসংখ্যানিক কাজের বাস্তব অভিজ্ঞতা।</li> </ul>
	ঙ) ক্রয় বিশেষজ্ঞ	স্থীরূপ বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিপ্রি।	<ul style="list-style-type: none"> <li>পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণে ক্রয় সংক্রান্ত কাজে ০৫</li> </ul>

ক্রমিক	পেশা দারিত্বের ধরণ	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
			বছরের বাস্তব অভিজ্ঞতা।

১১. প্রতিবেদন দাখিল সম্পর্কিত:

ক্রমিক	প্রতিবেদনের ধরণ	জমাদানের সময়সীমা
১.	প্রারম্ভিক প্রতিবেদন	চুক্তি স্বাক্ষরের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি স্বাক্ষরের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি স্বাক্ষরের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত খসড়া প্রতিবেদন	চুক্তি স্বাক্ষরের ১০০ দিনের মধ্যে
৫.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা- ৪০ কপি এবং English-২০ কপি)	চুক্তি স্বাক্ষরের ১২০ দিনের মধ্যে

- সকল প্রতিবেদন আইএমইডি'র পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪ এর মহাপরিচালক বরাবর দাখিল করতে হবে।  
প্রতিবেদনসমূহ Nikosh Font-এ হতে হবে।

১২. সেবা ক্রয়কারী সংস্থা কর্তৃক প্রদেয়:

\* প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি); এবং

\* বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।



১৫৬১/২২৩

মোঃ সাইফুল ইসলাম  
মহাপরিচালক  
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার